22

আজকের কাগজ

...1 JAN 1995

পৃষ্ঠা 2 কলাম 2

# রাজশাহী বিআইটি'র ৯শ' ছাত্রছাত্রীর শিক্ষা জীবন হুমকির সম্মুখীন

**রাজশাহী প্রতিনিধি ঃ** অনির্ধারিতভাবে বিআইটি রাজশাহী ১ মাস যাবত বন্ধ থাকার ফলে নয় শতাধিক ছাত্রছাত্রীর শিক্ষা জীবন হুমকির সম্মুখীন হয়ে পড়েছে। কবে নাগাদ এ প্রতিষ্ঠান খুলবে তা কেউ বলতে পারে না। বর্তমান পরিচালক রেজাউল করিম তালুকদারের বিরুদ্ধে বিআইটির ছাত্রছাত্রিরা ব্যাপক অনিয়ম, ক্ষমতার অপব্যবহারের অভিযোগ এনে তার অপসারণ দাবিতে গত বছর নভেম্বর মাসের শেষ সপ্তাহে নিয়মতান্ত্রিকভাবে আন্দোলন শুরু করলে গত ৩০ নভেম্বর বিআইটি রাজশাহী অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেন কর্তৃপক্ষ। এদিকে প্রায় দেড় মাসেও খোলার ব্যাপারে কোন পদক্ষেপ না গ্রহণ করায় ছাত্রছাত্রিদের শিক্ষা জীবন সম্পূর্ণভাবে অনিশ্চয়তার মধ্যে বিরাজ করছে। এদিকে একটি নির্ভরযোগ্য সূত্র জানায়, পরিচালক তার অপসারণ আন্দোলন তদন্তের জন্যে নির্বাহী ক্ষমতাবলে একটি তদন্ত কমিটি গঠন করেছেন। এই তদন্ত কমিটির চেয়ারম্যানের দায়িত্ব প্রথমে রাঃ বিঃ ফলিত রসায়ন বিভাগের চেয়ারম্যান প্রফেসর মোঃ আবুল হোসেন মোল্লাকে দেয়া হলেও তিনি এ ধরনের তদন্তের দায়িত্ব নিতে অপারগতা প্রকাশ করেন-এরপর পরিচালক অপর এক আদেশে যশোর এমএম কলেজের পদার্থ বিভাগের শিক্ষক আজাদুর রহমানকে তদন্ত কমিটির চেয়ারম্যান নিযুক্ত করেন। এদিকে নব গঠিত এই তদন্ত কমিটির কোনো তৎপরতা লক্ষ্য করা না গেলেও তদন্ত কমিটির চেয়ারম্যান আজাদুর নোটিসে অত্যন্ত গোপনে ২৬/১২/৯৫ইং তারিখে বিআইটি রাজশাহীর হলগুলোয় নোটিস বোর্ডে টাঙ্গানো হয়। নোটিসে ২৮/১২/৯৫ইং তারিখের মধ্যে ছাত্রছাত্রিদের সাক্ষ্য দেয়ার জন্যে নির্দেশ দেয়া হয়। এদিকে বিআইটির হলগুলোতে প্রায় দেড় মাস যাবত কোনো ছাত্রছাত্রী নেই। কয়েক জন বিদেশি ছাত্র কিছু দিন আগে অবস্থান করলেও নিরাপত্তাজনিত কারণে তারা চলে যেতে বাধ্য হয়। এ অবস্থায় কোনো ছাত্রছাত্রীর পক্ষেই তদন্ত কমিটির সম্মুখে সাক্ষ্য দেয়া সম্ভব না। এদিকে রাজশাহী বিআইটির সম্মিলিত ছাত্রঐক্য বিআইটিতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে পরিচালকের অপসারণ করে অবিলম্বে রাজশাহী বিআইটি খুলে দেয়ার দাবি জানিয়েছে।